দৈনিক
আমাদের সময়

তারিখ ..... 10 SEP 2016
পৃষ্ঠা ....... কলাম .......

গোপালগঞ্জ বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষা ২৮ ও ২৯ অক্টোবর এবং ৪ ও ৫ নভেম্বর

**গোপালগঞ্জ প্রতিনিধি** •

গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২৮ ও ২৯ অক্টোবর এবং ৪ ও ৫ নভেম্বর অনুষ্ঠিত হবে। এবারে ৮টি অনুষদের অধীনে ২৩ বিভাগে সর্বমোট ২ হাজার ২০৭ জন (কোটাসহ) শিক্ষার্থী ভর্তি করা হবে। ইউনিটসমূহ হলো এ, বি, সি, ডি, ই, এফ, জি এবং এইচ। এর মধ্যে এ ও বি ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর; সি, ও এইচ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৯ অক্টোবর; ডি ও ই ইউনিটের ভর্তি পরীক্ষা ৪ নভেম্বর এবং এফ ও জি ইউনিটের ভর্তি পরীক্ষা ৫ নভেম্বর অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীরা ৯ সেপ্টেম্বর রাত ১২টা ১ মিনিট থেকে ১৮ অক্টোবর রাত ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrstu.cdu.bd এ প্রচারিত নিয়মাবলি অনুসারে অনলাইনে আবেদন করতে পারবে।